গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চারঘাট, রাজশাহী।
http://charghat.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১২৫.০০০.১৮.০০৪.২৬-৮৮৮

তারিখঃ ১১ শ্রাবণ ১৪৩৩ ব.
২৬ জুলাই ২০২৬ খ্রি.

# প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত কাঠ ব্যবসায়ী ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চারঘাট উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে মারা যাওয়া এবং ঝড়ে উপড়ে পড়া বিভিন্ন প্রজাতির ১৩ (তের) টি গাছ প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন পাওয়া গেছে। উল্লিখিত গাছ ১৩ টি গাছ প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য আগামী ০৪ আগস্ট ২০২৬ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তিগণকে ঐদিন সকাল ১১.৩০ ঘটিকার মধ্যে জামানত হিসাবে ২০০০০/০০ (বিশ হাজার) টাকা বিডি আকারে (উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী বরাবর) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত সময় সকাল ১১.৩০ ঘটিকার পর কোন জামানত গ্রহণ করা হবে না।

**শর্তাবলী ঃ**

০১. সর্বোচ্চ নিলাম ডাককারীকে ডাকমূল্যের অবশিষ্ট অর্থ (জামানত বাদে), ডাকমূল্যের উপর ১৫% ভ্যাট এবং ১০% আয়কর কার্যাদেশ পাওয়ার ২ (দুই) দিনের মধ্যে জমা প্রদান করতে হবে। ব্যর্থতায় জামানত বাজেয়াপ্তসহ পুনরায় গাছ নিলামের ব্যবস্থা করা হবে;

০২. কার্যাদেশ পাওয়ার তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে সম্পূর্ন নিজ খরচে সর্বোচ্চ নিলাম ডাককারীকে গাছ অপসারণ/কেটে নিতে হবে। (তবে ডাকমূল্যের সাথে ভ্যাট ও আয়কর জমাদানের পরেই গাছ অফসারণ/কাটার কাজ শুরু করতে পারবেন)

০৩. সর্বাত্মক সতর্কতার সাথে গাছ অপসারণ/কেটে নিতে হবে। গাছ অপসারণ বা কেটে নেয়ার সময় পার্শ্ববতী ভবনের বা অন্যান্য গাছের ক্ষতিসাধন হলে সর্বোচ্চ নিলাম ডাককারীকে সমুদয় ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

০৪. গাছগুলো রাস্তার ধারে হওয়ায়, মানুষ চলাচলের বিষয়ে লক্ষ রেখে গাছগুলো অপসারণ করতে হবে। যেন রাস্তার কোনো মানুষের ক্ষয়ক্ষতি না হয়। এছাড়াও গাছ অপসারণের সময় পল্লী বিদ্যুৎ অফিসের সাথে সমন্বয় করে কাজ করতে হবে, যেন বিদ্যুতের তারের কোনো ক্ষয়ক্ষতি না হয়। যে কোনো প্রকারের ক্ষতিসাধন হলে সর্বোচ্চ নিলাম ডাককারীকে সমুদয় ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

০৫. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রকাশ্য নিলাম ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/৭/২৬


**(জান্নাতুল ফেরদৌস)**
উপজেলা নির্বাহী অফিসার
চারঘাট, রাজশাহী।
টেলিফোন নম্বর ০২৫৮৮৮-৭৯০৫১
E-mail: unocharghat@mopa.gov.bd


**অনুলিপি সদয় অবগতির জন্য/কার্যার্থে প্রেরণ করা হলো :**

০১। জেলা প্রশাসক, রাজশাহী।
০২ উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
০৪। প্রশাসক, চারঘাট পৌরসভা, চারঘাট, রাজশাহী।
০৫। ......................................................................................... চারঘাট, রাজশাহী। তাঁকে প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে/ টাঙ্গিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৬। উপজেলা বন কর্মকর্তা, চারঘাট, রাজশাহী।
০৭। অফিসার-ইন-চার্জ, চারঘাট মডেল থানা, রাজশাহী। তাঁকে আগামী ০৪./০৮/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯-০০ ঘটিকা হতে প্রকাশ্য নিলাম ডাক শেষ না হওয়া পর্যন্ত উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
০৮। চেয়ারম্যান/প্রশাসক, ইউসুফপুর/শলুয়া/সরদহ/নিমপাড়া/চারঘাট/ভায়ালক্ষীপুর ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী। তাঁকে প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে/টাঙ্গিয়ে এবং ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চারঘাট/সরদহ/নন্দনগাছি ইউনিয়ন ভূমি অফিস, চারঘাট, রাজশাহী। তাঁকে প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে/টাঙ্গিয়ে এবং ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। অফিস কপি।